

বাংলাদেশ

তামাক সম্পর্কিত নীতিমালার অবস্থা

ধূমপান-মুক্ত পরিবেশ: স্বাস্থ্যসেবা কেন্দ্র ও শিক্ষা প্রতিষ্ঠানে ধূমপান সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়েছে। অন্যান্য কর্মক্ষেত্রে ও জনসমাগমস্থলেও ধূমপান নিষিদ্ধ করা হয়েছে, তবে ধূমপানের জন্য জায়গা নির্দিষ্ট করে দেয়ার জন্য আইনে অনুমতি রয়েছে।

বিজ্ঞাপন, প্রচারাভিযান ও পৃষ্ঠপোষকতার উপর নিষেধাজ্ঞা: যদিও জাতীয় আইনে বলা হয়েছে “তামাকের যে কোনো প্রকার বিজ্ঞাপন নিষিদ্ধ,” কিন্তু বর্তমান আইন বিক্রয়ের জায়গায়, ও ইন্টারনেটের মাধ্যমে বিজ্ঞাপন নিষিদ্ধ করেনি, এবং প্রচারাভিযানমূলক কার্যক্রম যেমন “কর্পোরেট সংস্থার সামাজিক দায়িত্ব” সম্পর্কিত বিজ্ঞাপন, ব্র্যান্ডের সম্প্রসারণ, ও প্রচারণামূলক মূল্যহ্রাসের বিজ্ঞাপন নিষিদ্ধ করেনি।

তামাকজাত পণ্যের মোড়কে স্বাস্থ্যসম্পর্কিত সতর্কীকরণ: স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বার্তাগুলো ধূমপায়ীদেরকে ধূমপান সম্পর্কে কার্যকরভাবে সতর্ক করে না এবং ধোঁয়াবিহীন তামাকের ক্ষেত্রে সেগুলো প্রয়োগ করা হয় না। আইন অনুযায়ী মোড়কের সামনের ও পিছনের ৩০% জায়গা লিখিত সতর্কীকরণ বার্তা দ্বারা আবৃত করা আবশ্যিক; ৬-মাস পর পর ছয়টি পর্যায়বৃত্ত সতর্কীকরণ বার্তা ব্যবহার করা হয়। বয়স্ক সাক্ষরতায় উচ্চ হার (৪৯%) এবং ধোঁয়াবিহীন তামাক ব্যবহারকারীদের উচ্চ হারের (৩৬% পুরুষ, ৫৬% মহিলা) কারণে, ছবিমুক্ত সতর্কীকরণ বার্তা এবং সব ধরনের তামাকের ব্র্যান্ডের সামগ্রিক কভারেজ আবশ্যিক।

তামাকের কর এবং দাম: গত দুই বছর ধরে তামাকের উপর কর ক্রমাগতভাবে বাড়ানো হয়েছে। সবচেয়ে জনপ্রিয় ব্র্যান্ডের সিগারেটের উপর বর্তমানে করের হার ৬৭%।

তামাক নিয়ন্ত্রণ নীতি

ধূমপান-মুক্ত পরিবেশ – ধূমপান সম্পূর্ণভাবে নিষিদ্ধ			
স্বাস্থ্য সেবা কেন্দ্রসমূহ	হ্যাঁ	ইনডোর অফিসসমূহ	না
শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, বিশ্ববিদ্যালয় ছাড়া	হ্যাঁ	গণপরিবহণ	না
বিশ্ববিদ্যালয়সমূহ	না	রেস্টুরেন্ট	না
সরকারি স্থাপনাসমূহ	না	পানশালা ও পানঘর	না
আঞ্চলিক কর্তৃপক্ষের ধূমপান সম্পূর্ণভাবে নিষিদ্ধ করে আইন জারি করার ক্ষমতা আছে কি?			না

বিজ্ঞাপন, প্রচারাভিযান ও পৃষ্ঠপোষকতার উপর নিষেধাজ্ঞা			
জাতীয় টিভি ও রেডিও	হ্যাঁ	বিনামূল্যে বিতরণ	হ্যাঁ
আন্তর্জাতিক টিভি ও রেডিও	না	প্রচারণামূলক মূল্যহ্রাস	না
স্থানীয় সাময়িকী/সংবাদপত্র	হ্যাঁ	তামাকজাত নয় এমন পণ্যে তামাকের ব্র্যান্ড নাম ব্যবহার	হ্যাঁ
আন্তর্জাতিক সাময়িকী/সংবাদপত্র	না	তামাকজাত পণ্যে তামাক-সংশ্লিষ্ট নয় এমন ব্র্যান্ড নাম ব্যবহার	না
বিলবোর্ড ও উন্মুক্ত স্থানে বিজ্ঞাপন	হ্যাঁ	টিভি এবং/অথবা চলচ্চিত্রে তামাকজাত পণ্যের উপস্থিতি	না
বিক্রয়ের জায়গায়	না	অনুষ্ঠানের পৃষ্ঠপোষকতা করা	হ্যাঁ
ইন্টারনেটে	না		

তামাকজাত পণ্যের মোড়কে স্বাস্থ্যসম্পর্কিত সতর্কীকরণ			
আইন অনুযায়ী সুনির্দিষ্ট সতর্কীকরণ বার্তার ব্যবহার বাধ্যতামূলক	হ্যাঁ	অনুমোদিত সতর্কীকরণ বার্তার সংখ্যা	৬
সতর্কীকরণ বার্তাগুলো তামাক ব্যবহারের ক্ষতিকর প্রভাব বর্ণনা করে	হ্যাঁ	সতর্কীকরণ বার্তাগুলো পর্যায়ক্রমে ব্যবহার করা আবশ্যিক	হ্যাঁ
সতর্কীকরণ বার্তাগুলোতে ছবি বা নকশা থাকে	না	সতর্কীকরণ বার্তাগুলো প্রধান ভাষায়(গুলোতে) লেখা থাকে	হ্যাঁ
সতর্কীকরণ বার্তা দ্বারা আবৃত প্রধান প্রদর্শনকারী জায়গাগুলোর %	৩০%	সতর্কীকরণ বার্তাগুলো হরফের ধরণ, আকার ও রং নির্ধারণ করে দেয়	হ্যাঁ
সামনে	৩০%	বিভিন্নস্বাক্ষর বিবরণের উপর নিষেধাজ্ঞা	না
পিছনে	৩০%		

তামাকের কর ও দাম				
সবচেয়ে বেশি বিক্রিত ব্র্যান্ডের দাম, ২০টি সিগারেটের প্যাকেট		সবচেয়ে বেশি বিক্রিত ব্র্যান্ডের উপর কর (খুচরা মূল্যের %)*		
দেশ কর্তৃক প্রকাশিত মুদ্রায়	টাকা	২৫.৯০	মোট কর	৬৭%
আনুষ্ঠানিক বিনিময় হার অনুযায়ী মার্কিন ডলারে	ডলার	০.৩৮	মোট আবাগারি শুদ্ধ (সুনির্দিষ্ট ও মূল্যানুযায়ী)	৫২%
			মূল্য সংযোজন কর (ভ্যাট)	১৫%

... তথ্য প্রকাশ করা হয়নি/পাওয়া যায়নি

— তথ্য আবশ্যিক নয়/প্রযোজ্য নয়

*পূর্ণ সংখ্যায় পরিবর্তন করার ফলে করের পৃথক শ্রেণিগুলোর যোগফল মোট পরিমাণের সমান নাও হতে পারে